

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর, জনসংখ্যা ভবন  
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী কর্মসূচি  
৬, কাওরান বাজার (১২তলা) ঢাকা -১২১৫।

স্মারক নং - পপঅ/এইচপিএনএসডিপি/সিসিএসডিপি/হিসাব/ক্র-৫৪৯/২০১১-১২/৯৫৬৪

তারিখ: ২৭/১২/১১ ইং

পরিপত্র

বিষয়: পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী কর্মসূচির আওতাধীন পরিবার পরিকল্পনার স্থায়ী ও দীর্ঘমেয়াদি কার্যক্রমের সংগৃহীত ও সরবরাহকৃত ঔষধ, শাডী-লুঙ্গি ও অন্যান্য মালামাল যথাযথ সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী কর্মসূচির আওতায় পরিবার পরিকল্পনার স্থায়ী ও দীর্ঘমেয়াদি কার্যক্রমের জন্য প্রতি আর্থিক সালে ঔষধ, এমএসআর, শাডী-লুঙ্গি ও অন্যান্য মালামাল সংগ্রহ করা হয়। কেন্দ্রীয় পণ্যাগার হতে আঞ্চলিক পণ্যাগারের মাধ্যমে উপজেলা স্টোরে ও বিভিন্ন পরিবার পরিকল্পনা সেবা কেন্দ্রে সরবরাহ করা হয়। মালামালগুলি যথাযথ সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিতকরণ করা প্রয়োজন।

বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প নিরীক্ষা অধিদপ্তরের, মন্ত্রণায়ের বহির্বিভাগীয় (সিএ ফার্ম) ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিরীক্ষা দল কর্তৃক প্রত্যেক আর্থিক সালে কেন্দ্রীয় পণ্যাগার, আঞ্চলিক পণ্যাগার ও উপজেলা স্টোর নিরীক্ষিত হয়। ঔষধ, এমএসআর, শাডী-লুঙ্গি ও অন্যান্য মালামালগুলি যথা সময়ে ব্যবহৃত না হওয়ায় মেয়াদ উত্তীর্ণ, ব্যবহার অযোগ্য, নষ্ট হয়ে যাওয়া ইত্যাদি ঘটনা ঘটেছে এবং নিরীক্ষা দল কর্তৃক আপত্তি উত্থাপিত হয়েছে। আপত্তিগুলি নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। আপত্তিগুলির সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণের পেনশন নিষ্পত্তিকরণে জটিলতার সৃষ্টি হচ্ছে।

বিভিন্ন স্টোরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ স্টোরে রক্ষিত মালামালগুলি যথাসময়ে যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। কোনো স্টোরে স্বল্প মেয়াদি ঔষধ, এমএসআর থাকলে মেয়াদকালীন সময়ে ব্যবহার করা সম্ভব না হলে সংশ্লিষ্ট উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, এর সাথে আলোচনা করে অন্যান্য সেবা কেন্দ্রে বিতরণ/সরবরাহ করে মেয়াদকালীন সময়ে ব্যবহার নিশ্চিত করতে হবে। নতুন/পুরাতন কোনো যন্ত্রপাতি অকেজো/নষ্ট অবস্থায় পড়ে থাকলে তা উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা), অতিরিক্ত পরিচালক (ঔষধ ও ভান্ডার), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা ও লাইন ডাইরেক্টর (সিসিএসডিপি)কে অবহিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে সজাগ দৃষ্টি রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় মেয়াদ উত্তীর্ণ, ব্যবহার অযোগ্য, নষ্ট হয়ে যাওয়া ইত্যাদি ঘটনা ঘটলে সংশ্লিষ্ট স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন।

বিষয়টি অতীব জরুরি।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

স্বাক্ষরিত

(ডাঃ এ কে এম মাহবুবুর রহমান)

লাইন ডাইরেক্টর

(ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম)

ফোন ৮১৫২৩১১ (অ)

স্মারক নং - পপঅ/এইচপিএনএসডিপি/সিসিএসডিপি/হিসাব/ক্র-৫৪৯/২০১১-১২/৯৫৬৪

তারিখ: ২৭/১২/১১ ইং

অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল),..... অত্র অধিদপ্তর।
২. পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ..... বিভাগ।
৩. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা।
৫. অতিরিক্ত পরিচালক (ঔষধ ও ভান্ডার) কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
৬. উপ-পরিচালক (সকল), পরিবার পরিকল্পনা, ..... জেলা।
৭. রিজিওনাল সুপারভাইজার, এফপিসিএসটি-কিউএটি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/রংপুর/ময়মনসিংহ/বরিশাল/সিলেট অঞ্চল
৮. সহকারী পরিচালক (সিসি), ..... জেলা।
৯. মেডিক্যাল অফিসার (ক্লিনিক)/(এমসিএইচ-এফপি)/উপজেলা পঃপঃ কর্মকর্তা (সকল) ..... জেলা।
১০. আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, বগুড়া/খুলনা/চট্টগ্রাম।
১১. মেডিক্যাল অফিসার, মহানগর স্যাটেলাইট ক্লিনিক, মিরপুর/বাসাবো, ঢাকা।
১২. সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার (সকল)----- জেলা।
১৩. উপজেলা সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) .....উপজেলা----- জেলা।
১৪. সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা, .....উপজেলা----- জেলা।
১৫. উপ-সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার, .....উপজেলা----- জেলা।
১৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

স্বাক্ষরিত

(ডাঃ মোঃ জানে আলম)

প্রোগ্রাম ম্যানেজার (সার্ভিস ডেলিভারী)

ফোন : ৮১৫২২৫৮